


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২৮৩.১৭- ৯২২,

তারিখ : ২২/৫/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ** সূর্যের হাসি ক্লিনিক থেকে স্বাস্থ্য সেবা গ্রহণ এবং অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমে অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সচেতনতা বৃদ্ধি বিষয়ক ক্লাশে সংশ্লিষ্ট চিকিৎসকগণকে আমন্ত্রণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর এবং ইউএসএইড-ডিএফআইডি এনজিও হেলথ সার্ভিস ডেলিভারি প্রজেক্ট এর সাথে ০৮ মার্চ, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদী একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। স্মারকে বর্ণিত প্রজেক্টের আওতায় “সূর্যের হাসি ক্লিনিক” হতে যুবদের জন্য বিশেষ স্বাস্থ্য সেবার ব্যবস্থা রাখা রয়েছে। জেলা এবং আওতাধীন উপজেলা সমূহ থেকে প্রশিক্ষিত যুবক/যুব নারী এবং যুব সংগঠনের সদস্যদের সূর্যের হাসি ক্লিনিক হতে স্বাস্থ্য সেবা গ্রহণের বিষয়টি অবহিত করার ব্যবস্থা নিতে হবে। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে পরিচালিত সকল প্রশিক্ষণ কোর্সে “অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যাভুক্ত যুবদের প্রতি দায়িত্ববোধ সম্পর্কে সচেতনতা” বৃদ্ধি বিষয়ক ক্লাশ গ্রহণের নিমিত্ত ক্লিনিকের চিকিৎসকগণকে আমন্ত্রণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য চিকিৎসকগণকে ক্লাশ গ্রহণ বাবদ সম্মানী প্রদানের বাধ্যবাধকতা থাকবে না।

  
(চায়না ষ্যানার্জী)  
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)  
ফোন-০২-৯৫৬৭৭৭১।

প্রাপক

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,------(সকল) জেলা।
- ০২। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র----- জেলা।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর-----উপজেলা------(সকল) জেলা।

অনুলিপি বিতরণ :

- ✓ ০১। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। অফিস কপি।